ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৯০

আগরতলা,২ আগস্ট,২০২৫

**বিহার এসআইআর ২০২৫ : ১ আগস্ট (বিকেল ৩টা)**
**থেকে ২ আগস্ট (বিকেল ৩টা) পর্যন্ত বিবরণ**

১. এস.আই.আর. নির্দেশ অনুসারে, ২৪ জুন থেকে ২৫ জুলাই ২০২৫ পর্যন্ত গণনার ধাপ সম্পন্ন হওয়ার পর, ১ আগস্ট ২০২৫ তারিখে বিহারের খসড়া ভোটার তালিকা প্রকাশিত হয়েছে। (লিঙ্ক: https://voters.eci.gov.in/download-eroll?stateCode=S04)। বিহারের সব ২৪৩টি বিধানসভা কেন্দ্রের মোট ৯০,৭১২টি ভোটকেন্দ্রের খসড়া ভোটার তালিকা, ১ আগস্ট ২০২৫ তারিখে বিহারের সব ৩৮ জন জেলা নির্বাচন আধিকারিক (ডিইও) রাজনৈতিক দলগুলোর সঙ্গে শেয়ার করেছেন।

২. ২৪.০৬.২০২৫ তারিখের ভোটার তালিকায় যাদের নাম ছিল কিন্তু ১ আগস্ট ২০২৫ খসড়া ভোটার তালিকায় নেই, সেই ভোটারদের তালিকা রাজনৈতিক দলগুলোর সুবিধার্থে যাচাইয়ের জন্য সরবরাহ করা হয়েছে।

৩. ১২টি রাজনৈতিক দলের জেলা সভাপতির মনোনীত ১.৬০ লক্ষ বুথ লেভেল এজেন্ট (বিএলএ) এসআইআর প্রক্রিয়ায় অংশ নিচ্ছেন এবং মাঠ পর্যায়ে সম্পূর্ণভাবে যুক্ত রয়েছেন।

৪. বিহারের ভোটারদের মধ্যে সচেতনতা তৈরি করতে সংবাদপত্র, টিভি ও সামাজিক মাধ্যমে বিজ্ঞাপন দেওয়া হয়েছে।

৫. বিহারের নাগরিকদের সুবিধার্থে, সব ব্লক-কাম-সার্কেল অফিস এবং শহুরে স্থানীয় সংস্থার পৌরসভা অফিসে অফিসে বিশেষ শিবির বসানো হয়েছে। শিবিরগুলি সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত (সোমবার থেকে রবিবার প্রতিদিন) ১ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত চলবে।

৬. বিহারের যে কোনো ভোটার তার ইপিক (EPIC) নম্বর সরাসরি https://voters.eci.gov.in লিঙ্কে দিয়ে নিজের নাম খসড়া ভোটার তালিকায় আছে কিনা যাচাই করতে পারবেন এবং নাম সংযোজন বা বিয়োজনের জন্য দাবী বা আপত্তি দাখিল করতে পারবেন।

৭. সব যোগ্য ভোটারদের নতুন ভোটার পরিচয়পত্র দেওয়া হবে। তাই সব ভোটারদের ১ সেপ্টেম্বর ২০২৫-এর মধ্যে তাঁদের নতুন ছবি সংশ্লিষ্ট বিএলও (BLO)-দের নিকট জমা দেওয়ার অনুরোধ জানানো হচ্ছে।

৮. ১ আগস্ট ২০২৫ (বিকেল ৩টা) থেকে ২ আগস্ট ২০২৫ (বিকেল ৩টা) পর্যন্ত, সব রাজনৈতিক দল মিলিয়ে যোগ্য ভোটারদের নাম সংযোজন বা অযোগ্য ভোটারদের নাম বিয়োজনের দাবী বা আপত্তি শূন্য (০) দাখিল করেছেন।

৯. ১ জুলাই থেকে ১ অক্টোবর ২০২৫-এর মধ্যে যেসব তরুণ ভোটারের বয়স ১৮ পূর্ণ হচ্ছে, তাঁদের নাম সংযোজনের জন্য বিশেষ প্রচারাভিযান চলছে। ১ আগস্ট ২০২৫ (বিকেল ৩টা) থেকে ২ আগস্ট ২০২৫ (বিকেল ৩টা) পর্যন্ত ৩,২২৩ তরুণ ভোটার তাঁদের ফর্ম এবং ঘোষণা ফর্ম জমা দিয়েছেন।

২-এর পাতায়

সংযোজনী

**বিহার এসআইআর ২০২৫**

**দাবী ও আপত্তি**

**১ আগস্ট (বিকেল ৩টা) থেকে ২ আগস্ট (বিকেল ৩টা) পর্যন্ত প্রাপ্ত তথ্য**

**রাজনৈতিক দলগুলোর বুথ লেভেল এজেন্টদের (BLA) মাধ্যমে প্রাপ্ত দাবী ও আপত্তি**

| ক্রমিক নং | রাজনৈতিকদল | বিএলএ সংখ্যা | প্রাপ্ত সংখ্যা | নিষ্পত্তি |
|---|---|---|---|---|
| **জাতীয় দল** | | | | |
| ১. | আম আদমি পার্টি – | ১ – | 0 – | 0 |
| 2. | বহুজন সমাজ পার্টি – | ৭৪ – | 0 – | 0 |
| ৩. | ভারতীয় জনতা পার্টি – | ৫৩,৩৩৮– | 0 – | 0 |
| ৪. | ভারতীয় কমিউনিস্ট পার্টি - (মার্কসবাদী) – | ৮৯৯ – | 0 – | 0 |
| ৫. | ভারতীয় জাতীয় কংগ্রেস – | ১৭,৫৪৯ – | 0 – | 0 |
| ৬. | ন্যাশনাল পিপলস পার্টি – | ৭ – | 0 – | 0 |
| **রাজ্য দল** | | | | |
| ১. | ভারতীয় কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী-লেনিনবাদী) (মুক্তি) – | ১,৪৯৬ – | 0 – | 0 |
| 2. | জনতা দল (ইউনাইটেড) – | ৩৬,৫৫০ – | 0 – | 0 |
| ৩. | লোক জনশক্তি পার্টি (রাম বিলাস) – | ১,২১০ – | 0 – | 0 |
| ৪. | রাষ্ট্রীয় জনতা দল – | ৪৭,৫০৬ – | 0 – | 0 |
| ৫. | রাষ্ট্রীয় লোক জনশক্তি পার্টি – | ১,৯১৩ – | 0 – | 0 |
| ৬. | রাষ্ট্রীয় লোক সমতা পার্টি – | ২৭০– | 0 – | 0 |
| | **মোট**: | ১,৬০,৮১৩ – | 0 – | 0 |

**১ আগস্ট (বিকেল ৩টা) থেকে ২ আগস্ট (বিকেল ৩টা) পর্যন্ত প্রাপ্ত ফর্ম**

**যেসব ভোটারের বয়স ১৮ পূর্ণ হবে ১ জুলাই ২০২৫ থেকে ১ অক্টোবর ২০২৫-এর মধ্যে**

- **ফর্ম ৬ + ঘোষণা ফর্ম** – প্রাপ্ত: ৩,২২৩– নিষ্পত্তি: শূন্য
- নিয়ম অনুযায়ী, দাবী ও আপত্তি সংশ্লিষ্ট ইআরও/এইআরও কর্তৃক ৭ দিন পূর্ণ হওয়ার পর নিষ্পত্তি করা হবে।
- এসআইআর নির্দেশ অনুসারে, ১ আগস্ট ২০২৫-এ প্রকাশিত খসড়া তালিকা থেকে কোনও নাম কেবলমাত্র ইআরও/এইআরও কর্তৃক যথাযথ অনুসন্ধান এবং ন্যায্য সুযোগ প্রদানের পর যুক্তিসঙ্গত আদেশ জারি করে বিয়োজন করা যাবে। ভারতের নির্বাচন কমিশন থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।

*****